



স্মারক নং : ০৫.২০.৩০৪১.০০০.০১৮.০০২.২৪-৬৬৬

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ মে/২০২৪ খ্রিঃ


**“অস্থায়ী পশুর হাট ইজারা বিজ্ঞপ্তি”**

এতদ্বারা সর্বসাধারণে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৪ উপলক্ষে ফুলগাজী উপজেলাধীন নিম্নলিখিত বাজার সমূহ অস্থায়ী পশুর হাট হিসেবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/ইজারাদারদের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত মূল্যের ৩০% টাকা জামানত হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী এর অনুকূলে দরপত্রের সহিত সংযুক্ত করে জমা দিতে হবে। নির্ধারিত মূল্যে উপপরিচালক, স্থানীয় সরকার, ফেনী, উপজেলা নির্বাহী অফিস, ফুলগাজী, সহকারী কমিশনার (ভূমি), ফুলগাজী, ও অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা এর কার্যালয় হতে দরপত্রের মূল্য (অফেরতযোগ্য) প্রতি বাজারের বিপরীতে ৫০০/= (পাঁচশত) টাকার বিনিময়ে দরপত্র সংগ্রহ করা যাবে।

নং	ইউনিয়নের নাম	হাট/বাজারের নাম	সরকারি মূল্য	দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ	
				(১ম বার)	(২য় বার)
০১.	ফুলগাজী	ফুলগাজী বাজার সংলগ্ন খোলা জায়গা অস্থায়ী পশুর হাট	১০,৮৪৭/-	২৮.০৫.২০২৪ থেকে	০৭.০৬.২০২৪ থেকে
০২.	মুক্তিরহাট	নতুন বাজার সংলগ্ন খোলা জায়গা অস্থায়ী পশুর হাট	১৭,৭২০/-	০৫.০৬.২০২৪ তারিখ বিকাল	১২.০৬.২০২৪ তারিখ বিকাল
০৩.	মুক্তিরহাট	শৈখারা অস্থায়ী পশুর হাট	২,৬৮৮/-	৪.০০ টা পর্যন্ত দরপত্র বিক্রয় এবং	৪.০০ টা পর্যন্ত দরপত্র বিক্রয় এবং
০৪.	আনন্দপুর	কালির হাট আনন্দপুর বাজার সংলগ্ন খোলা জায়গা অস্থায়ী পশুর হাট	১০,৮২৭/-	০৬.০৬.২০২৪ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল	১৩.০৬.২০২৪ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল
০৫.	আনন্দপুর	বকুয়া দৌলতপুর হাজী স্টোর অস্থায়ী পশুরহাট	৭,৬৪৩/-	ও	ও
০৬.	আমজাদহাট	আমজাদহাট অস্থায়ী পশুর হাট	২৬,৫০০/-	দরপত্র বাস্তব খোলার সময়ঃ	দরপত্র বাস্তব খোলার সময়ঃ
০৭.	জিএম হাট	জিএমহাট অস্থায়ী পশুর হাট	৪,০৪৬/-	০৬.০৬.২০২৪ খ্রিঃ	১৩.০৬.২০২৪ খ্রিঃ
				দুপুর ৩.০০ টা	দুপুর ৩.৩০ টা

**দরপত্রের শর্তাবলীঃ**

- ১। খেলার মাঠ, রেল লাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটস্থ জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
- ২। শুধু মাত্র বাংলা ১৪৩১ সনের (২০২৪ সনের) ঈদ-উল-আযহা উপলক্ষে বাজার ইজারা দেয়া হবে। ঈদ-উল-আযহার পর ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ৩। দরপত্রের সহিত উক্ত মূল্যের উপর শতকরা ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজীর অনুকূলে জমা দিতে হবে।
- ৪। দরপত্র অনুমোদনের ০৩ (তিন) দিনের মধ্যে অনুমোদিত দরদাতাকে ইজারামূল্যের অবশিষ্ট ৭০% অর্থ পরিশোধ করতে হবে। তাছাড়া একইসাথে অনুমোদিত দরপত্র দাতাকে উক্ত মূল্যের উপর সরকার কর্তৃক ধার্যকৃত অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর ইজারা মূল্যের অবশিষ্ট ৭০% এর সাথে যোগ করে এ কার্যালয়ে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে। এ জন্য আলাদা কোন পত্র ইস্যু করা হবে না।
- ৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।
- ৮। দরপত্র সিটিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) এবং নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, ফেনী, অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা এবং এ অফিসে স্থাপিত টেন্ডার বাস্ক্রে দরপত্র জমা করা যাবে। প্রতি ক্ষেত্রে দরপত্র গ্রহণের উল্লিখিত দিনসমূহে বেলা ১.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, ফেনী, অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা এবং এ অফিসে স্থাপিত টেন্ডার বাস্ক্রে দরপত্র একই দিন দুপুর ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।
- ৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ১০। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১১। ভ্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রে উল্লিখিত ইজারামূল্য কাটা/ঘষা মাজা করা যাবে না।
- ১২। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। হাটের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা সংশ্লিষ্ট হাট ইজারাদার নিশ্চিত করতে হবে এবং ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৫। হাট বাজারের ইজারার টাকা পরিশোধে ব্যর্থতায় সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৬। ইজারাদারকে হাটে পশুর স্বাস্থ্য পরীক্ষার জন্য নিয়োজিত ভেটেরিনারি চিকিৎসকদের জন্য বসার ব্যবস্থা করতে হবে।
- ১৭। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(তানিয়া ভূইয়া)  
উপজেলা নির্বাহী অফিসার  
ফুলগাজী, ফেনী।  
টেলিফোনঃ ০২৩০৪৪-৭৬১৩২